



## লেবাননে যুদ্ধবিরতির লঙ্ঘন করে ইসরায়েলি হামলায় নিহত ৫



ছবি: সংগৃহীত

ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে সদ্য ঘোষিত যুদ্ধবিরতির পরপরই লেবাননের দক্ষিণাঞ্চলে নতুন করে হামলার ঘটনা ঘটেছে। এতে অন্তত ৫ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে লেবাননের রাষ্ট্রীয় গণমাধ্যম।

রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এনএনএ এবং আন্তর্জাতিক সংবাদমাধ্যমের বরাতে জানা যায়, শনিবার ভোর থেকে নাবাতিয়াহ এলাকায় একাধিক বিমান ও ড্রোন হামলা চালায় ইসরায়েলি বাহিনী। হামলায় বেশ কিছু আবাসিক ভবন ক্ষতিগ্রস্ত হয় এবং ঘরবাড়িতে ব্যাপক ধ্বংসযজ্ঞ ঘটে। একই সময়ে এলাকায় কামান থেকে গোলাবর্ষণের ঘটনাও ঘটে।

এর আগে শুক্রবার উভয় পক্ষ যুদ্ধবিরতিতে সম্মত হয় বলে বিভিন্ন সূত্র নিশ্চিত করেছিল। যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তার বরাতে জানা যায়, স্থানীয় সময় বিকেল ৪টা থেকে এই যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কথা ছিল।

কয়েক সপ্তাহ ধরে চলা সংঘর্ষ ও উত্তেজনার পর এই যুদ্ধবিরতি আশা জাগালেও নতুন হামলার ঘটনায় পরিস্থিতি আবারও অনিশ্চয়তার দিকে যাচ্ছে। তবে এ বিষয়ে ইসরায়েল বা হিজবুল্লাহর পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।